যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন**
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

স্মারক নম্বর : ৮০.০০.০০০০.১০৭.১১.০০৪.২৫(অংশ-১)-১৪৬

তারিখ : ১৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
৩০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

# বিজ্ঞপ্তি

**বিষয় : বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের অন্তর্ভুক্ত অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সিনিয়র কনসালটেন্ট ও সহকারী অধ্যাপক পদে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের BPSC Form-D সহ অন্যান্য কাগজপত্র জমাদান।**

বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের অন্তর্ভুক্ত অধ্যাপক (৩য় গ্রেড), সহযোগী অধ্যাপক (৪র্থ গ্রেড), সিনিয়র কনসালটেন্ট (৫ম গ্রেড) ও সহকারী অধ্যাপক (৬ষ্ঠ গ্রেড) এর শূন্য পদসমূহে সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক ০৮.০২.২০২৬ তারিখে ৮০.০০.০০০০.১০৭.১১.০০৪.২৫(অংশ-১)-৪৩ নম্বর বিজ্ঞপ্তি জারি করা হয়। উক্ত বিজ্ঞাপনের ভিত্তিতে অনলাইনে রেজিস্ট্রেশনকারী প্রবেশপত্র প্রাপ্ত প্রার্থীদের কমিশনের ওয়েবসাইট থেকে পূরণকৃত অনলাইন আবেদনপত্র (BPSC Form-D) ডাউনলোড করতে হবে। ডাউনলোডকৃত আবেদনপত্র (BPSC Form-D) এর সাথে নিচের ০২ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত সনদ/ডকুমেন্টসের সত্যায়িত কপি সংযুক্ত করে প্রার্থীদের **আগামী ০২.০৪.২০২৬ তারিখ থেকে ০৮.০৪.২০২৬ তারিখ পর্যন্ত প্রতি কার্য দিবসে সকাল ১০:০০ মিনিট থেকে বিকাল ৪:০০ মিনিট** পর্যন্ত পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর সরাসরি জমা প্রদান অথবা ডাকযোগে পৌঁছাতে হবে।

২.০ নিম্নের ক্রমনম্বর অনুযায়ী BPSC Form-D এর সাথে কাগজপত্র সংযুক্ত করতে হবে। প্রতিটি ডকুমেন্টের উপর নিম্নের ক্রমনম্বর লিখতে হবে :

২.১ প্রার্থীর স্বাক্ষরযুক্ত এবং প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি BPSC Form-D (Applicant's copy) এর উপরে বাম পাশে স্ট্যাপলারের সাহায্যে সংযুক্ত করতে হবে।

২.২ অনলাইনে প্রাপ্ত প্রবেশপত্রের সত্যায়িত কপি;

২.৩ অর্জিত শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ শিক্ষাবোর্ড এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত প্রতিটি ডিগ্রির মূল/সাময়িক সনদের সত্যায়িত ফটোকপি;

২.৪ বয়স প্রমাণের জন্য শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি/সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদের সত্যায়িত কপি। "O-Level" এবং "A-Level" উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে জন্ম তারিখ সংবলিত দালিলিক প্রমাণ। উল্লেখ্য, বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;

২.৫ প্রার্থীর জাতীয় পরিচয়পত্র (NID) এর সত্যায়িত ফটোকপি;

২.৬ বিদেশ থেকে অর্জিত ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বি.এম.ডি.সি. কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি;

২.৭ বি.এম.ডি.সি. কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত কপি;

২.৮ সংশ্লিষ্ট পদের জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) ধারাবাহিক গবেষণা কার্যক্রমের দালিলিক প্রমাণ এবং বি.এম.ডি.সি. কর্তৃক অনুমোদিত মেডিকেল জার্নালে প্রকাশিত (বিজ্ঞাপনে উল্লিখিত সংখ্যক) পাবলিকেশন এর কপি;

২.৯ সরকারি বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে ইস্তফাদানকারী অথবা অপসারিত ব্যক্তিদের ক্ষেত্রে ইস্তফাপত্র গ্রহণ অথবা অপসারণ আদেশের সত্যায়িত কপি;

২.১০ সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত অভিজ্ঞতার প্রমাণস্বরূপ অনলাইনে দরখাস্ত দাখিলের পূর্ব পর্যন্ত প্রার্থী যে যে পদে নিযুক্ত ছিলেন সে সকল পদের নিয়োগপত্র এবং যোগদানপত্রের কপি, দায়িত্ব গ্রহণপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) দায়িত্ব হস্তান্তরপত্র (আর্টিকেল-৪৭ ফরম);

২.১১ সংশ্লিষ্ট পদের অভিজ্ঞতার বিষয়ে কতদিন, কতমাস, বৎসর উক্ত পদে কাজ করেছেন তার বিস্তারিত বিবরণ টেবিল ফরমে (chronological order) (শুরু হতে শেষ তারিখ পর্যন্ত) উল্লেখপূর্বক প্রার্থী কর্তৃক স্বাক্ষরিত কপি/কাগজ;

২.১২ প্রার্থীদের মধ্যে যারা সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের সিল-স্বাক্ষরিত ছাড়পত্রের কপি। সংশ্লিষ্ট পদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ছাড়পত্রের কপি জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না;

২.১৩ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইত:পূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে NID বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদপত্রের কপি জমা দিতে হবে।

ক্রমশ/০২

২.১৪ মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীকে পিতার/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। এক্ষেত্রে সনদ হিসেবে নিম্নের যে কোন একটি গ্রহণযোগ্য বিবেচিত হবে;

(১) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ২৬.০২.২০০২ তারিখের মু:বি:ম/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদ;

অথবা

(২) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১.০২.২০০৯ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০ নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত সরকার প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদ;

২.১৫ প্রার্থী প্রতিবন্ধী হলে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ থেকে স্বাক্ষরিত **প্রতিবন্ধী সনদের সত্যায়িত কপি অথবা সমাজসেবা অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত "সুবর্ণ নাগরিক কার্ড" এর সত্যায়িত কপি;**

২.১৬ তৃতীয় লিঙ্গভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি;

২.১৭ প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদের সত্যায়িত ফটোকপি। উল্লেখ্য, **জেলা প্রশাসক ব্যতীত অন্য কোনো কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণযোগ্য হবে না;**

২.১৮ চাকরি হতে অপসারিত (removed) হয়েছেন অথবা চাকরিতে ইস্তফা দিয়েছেন এমন প্রার্থীরাও পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। তবে এসব ক্ষেত্রে প্রার্থীকে BPSC Form-D (Applicant's copy) এর সাথে চাকরি হতে অপসারণের আদেশের বা ইস্তফাপত্র গৃহীত হয়েছে মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত এরূপ আদেশের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে;

২.১৯ কোনো প্রার্থী অনলাইন আবেদনপত্র [BPSC Form-D (Applicant's copy)] জমাদানের পর মৌখিক পরীক্ষার পূর্বে কোনো চাকরিতে যোগদান করলে বা চাকরি হতে ইস্তফাদান করলে বা চাকরি থেকে অপসারিত হলে মৌখিক পরীক্ষার বোর্ডে প্রার্থীকে অবশ্যই নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ছাড়পত্র/ইস্তফাপত্র গ্রহণ/অপসারণ আদেশের কপি জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না;

২.২০ উপরে ০২ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত সকল সনদ/ডকুমেন্টস এর মূল কপি মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই প্রদর্শন করতে হবে।

৩.০ উপরোল্লিখিত সকল কাগজপত্রসহ BPSC Form-D আগামী **০২.০৪.২০২৬ তারিখ থেকে ০৮.০৪.২০২৬ তারিখ পর্যন্ত** প্রতি কার্য দিবসে সকাল ১০:০০ মিনিট থেকে বিকাল ৪:০০ মিনিটের মধ্যে জমাদানে ব্যর্থ হলে তাঁর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

৪.০ প্রার্থী কর্তৃক BPSC Form-D এর সাথে সংযুক্ত সকল সনদ ও কগজপত্র/ডকুমেন্টস যাচাই বাছাইপূর্বক শুধুমাত্র যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি প্রদান করা হবে।

৫.০ বিজ্ঞাপনের শর্ত মোতাবেক আবেদনপত্র যথাযথভাবে পূরণ না করা হলে, যোগ্যতার ঘাটতি থাকলে, স্বাক্ষর করা না হলে, কোনো কলাম/ঘর/স্থান পূরণ না করা হলে ও বিজ্ঞাপনে উল্লিখিত সনদপত্রের সত্যায়িত কপি, ডকুমেন্টস, অভিজ্ঞতার সনদ, পাবলিকেশনের অনুমোদিত কপি জমা না দিলে প্রার্থীর আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। বাছাই প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে কোনো ত্রুটি ধরা পড়লে এমনকি সুপারিশ/মনোনয়ন বা নিয়োগপ্রাপ্তির পরে প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য ভুল বলে প্রমাণিত হলে তাঁর প্রার্থিতা বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬.০ আলোচ্য বিজ্ঞপ্তিতে কোনো বিষয় অনুল্লিখিত থাকলে অথবা ব্যাখ্যার প্রয়োজন হলে কর্ম কমিশন সে বিষয়ে ব্যাখ্যা প্রদান করবে।

৭.০ বিজ্ঞপ্তিটি বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইটে-এ পাওয়া যাবে।

৩০/০৩/২০২৬

(দিলাওয়েজ দুরদানা)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)
(বিকল্প দায়িত্ব)